দৈনিক সংবাদ

তারিখ ...04 MAR 1991
পৃষ্ঠা... ৪ ...কলাম... ৮...

22

# বিশ্ববিদ্যালয়ে ভর্তির শর্ত

উচ্চতর শিক্ষার উদ্দেশ্যে বিশ্ববিদ্যালয়ে ভর্তির কতগুলো শর্ত থাকে। এখানে মেধাগত যোগ্যতা বিচার একটি প্রধান বিষয়। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্বের শিক্ষায় একটি ন্যূনতম মান অর্জন না করলে বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুযোগ পাওয়া সম্ভব নয়। এরপরও থাকতে হয় নির্দিষ্ট বিষয়ে বিশেষ মেধাগত যোগ্যতা। কারণ বিশ্ববিদ্যালয়ের শিক্ষায় মূলতঃ জোর দেয়া হয় জ্ঞান-বিজ্ঞানের কোন একটি নির্দিষ্ট শাখার উপর। তাই এটা স্বাভাবিক যে, বিশ্ববিদ্যালয়ে কোন বিভাগে ভর্তির সুযোগ পাবার জন্য সাধারণ মেধাগত যোগ্যতা ও একই সাথে নির্দিষ্ট বিষয়ে উচ্চতর মেধাগত যোগ্যতা থাকা একটি শর্ত। বিশ্ববিদ্যালয়ে কোন বিভাগে ভর্তি পরীক্ষায় সুযোগলাভের জন্য সাধারণভাবে এ রকম শর্ত পূরণের নিয়ম রয়েছে।

ভর্তি পরীক্ষায় সুযোগলাভের জন্য এ রকম শর্ত স্বাভাবিক। কিন্তু শর্তের কড়াকড়ি অনেক সময় অপ্রয়োজনীয় বা অনাকাঙ্ক্ষিত।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে পরিসংখ্যান বিভাগে ভর্তি পরীক্ষায় সুযোগলাভের জন্য শর্তের কড়াকড়ি আরোপ করা হয়েছে। উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গণিতে ৪৫% নম্বর এবং পসিংখ্যানে ৫৫% নম্বর পেতে হবে। এ শর্ত পূরণ না হলে পরিসংখ্যান বিভাগে ভর্তি পরীক্ষার সুযোগ পাওয়া যাবে না। শর্তের এই কঠোরতার কারণে অনেক ছাত্র-ছাত্রীর পক্ষে পরিসংখ্যান বিভাগে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করা সম্ভব হবে না। তাই শর্ত শিথিলের আবেদন জানানো হয়েছে কর্তৃপক্ষের কাছে। এ মর্মে একটি চিঠি সম্প্রতি আমাদের পত্রিকায় প্রকাশিত হয়েছে।

পরিসংখ্যান এবং গণিত পরস্পর সম্পর্কযুক্ত দু'টি বিষয়। বিশ্ববিদ্যালয়ে পরিসংখ্যান বিষয়ে অধ্যয়নের জন্য গণিত বিষয়ে উচ্চতর জ্ঞান প্রয়োজন। কিন্তু এ প্রয়োজনীয়তাকে যদি ভর্তি পরীক্ষার অপরিহার্য শর্ত হিসেবে আরোপ করা হয় তা হলে সেটা অনেক যোগ্য ছাত্র-ছাত্রীর জন্য অভিশাপ হয়ে দাঁড়ায়। জনৈক ছাত্রী উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পরিসংখ্যান বিষয়ে ৭৪% নম্বর পেয়েছে, কিন্তু অধীত বিষয়গুলোর মধ্যে গণিত ছিল না। তাই তার পক্ষে ভর্তি পরীক্ষার সুযোগলাভ করা সম্ভব হচ্ছে না। অথচ পরিসংখ্যান বিষয়ে বিশ্ববিদ্যালয় পর্যায়ে অধ্যয়নের প্রাথমিক যোগ্যতা তার রয়েছে।

এ ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগলাভের শর্ত শিথিল করার বিষয়টি বিবেচনাযোগ্য বলে আমরা মনে করি। উচ্চ মাধ্যমিক পর্বে যাদের পরিসংখ্যান বা গণিত এ দু'টি বিষয়ের যে কোন একটি ছিল এবং প্রয়োজনীয় নম্বর পেয়েছে, তাদের অন্ততঃ ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থাকা প্রয়োজন। পরিসংখ্যান বিষয়ে অধ্যয়নের ক্ষেত্রে যোগ্যতার কোন ঘাটতি থাকলে সেটা নিশ্চয়ই ভর্তি পরীক্ষার ফল দ্বারা চিহ্নিত হবে। তাই এক্ষেত্রে শর্তের কড়াকড়ি বাহুল্য মাত্র। এ বাহুল্য বর্জন করলে অনেক ছাত্র-ছাত্রী উপকৃত হবে। আমরা আশা করি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ বিষয়টি বিবেচনায় নিবেন।